After a rather disappointing hike to the crater of Vesuvias and a consolatory sunset viewing from Sorrento beach, this was my last day in Naples. Right before I was heading for Pompeii, a just-turned-19 boy from Minnesota wanted to join me. I was happy that he proposed the idea of going together. He is such a pro in google maps! After a while he became very very comfortable and told me “Man, I was a bit skeptic as you know these scam callers bla bla blah..” I assured him to not worry as I am not after his belongings :) We went on to visit the ruins of Pompeii and clicked so many photos! This was on the same day of India-Pakistan match and I never even remembered that such a match is happening. At 4, he wanted to leave Pompeii and go something else. I was like maybe I should just spent a bit more here and then head directly to airport for my 10 pm flight to Greece. He was like please can you accompany me I will get you to the airport for sure! I enjoyed his company so much it made me wonder wow we are so different in our ages while our upbringing has been so different but still it didn't take us long for this. We went on to Ercolano again to click some more photos and then finally I decided to head back to the airport. There was quite a bit of drama on my way back but I will keep it for elsewhere. After I reached the airport, this guy texted me that he was quite emotional and called his mom to say how wrong he was to generalize Indians to be scammers. I was so glad in how he was so very honest about how he felt and how it changed. Just a few days ago, he posted in Facebook that he printed out some of our pictures and put it in his room as the best memories from his adventurous just-out-of-school graduation trip!

So yes, you see I am not good at pretty much anything except for telling stories :) This hobby has saved me money, has let me talk with so many people, learn how they think but more importantly taught me how to share these experiences. I am telling you I have never drawn this happiness from anything I ever did in work. Finally, you can probably guess when I say international flight, can you guess where I am heading to?! Happy durga pujo to all of you! I was supposed to visit a collaborator in Shanghai but I convinced her to be at the right place so that we can work there instead! kono bangali ke nischoi bole dite hobe na, ei somoy prithibir srestho jayga konta. Wait for it till I document this in Facebook and insta. As I am writing this, my parents still don't know! Oder ke bolo na please :)

Sayar Karmakar





As our name already suggests, our RCM solutions will minimize your workload and improve cash flow. Fidus offers a platter of services that will help your practice focus on your core area, which is taking care of patients.



**Grow your medical practice
while we increase your revenue**

Our Services

- > Multi-Specialty Medical Coding, Billing and Revenue Cycle Management (RCM)
- > EHR/EMR Solutions
- > Attestation and Credentialing

Feel free to give us a call for a no cost, no obligation assessment of your current billing process and needs.

 **866-352-0677**

 **352-275-2276**

 **866-352-0677**

 **info@fidusmd.com**

 **www.fidusmd.com**

“ FIDUS – We always deliver promises. ”

রূপক এর গল্পো

ঠিক পাশের রাস্তায় পাড়ার পুজোর প্যান্ডেল । মাইক এ হালকা হালকা ভেসে আসা অরিজিৎ সিং, বেশ কয়েক মাস পর ব্যাঙ্গালোর থেকে পুজোর ছুটিতে বাড়ি ফিরে দুপুরে মা এর হাত এর আলু পোস্ট , আর সাথে ঘরের জানলা দিয়ে ফুরফুর করে হওয়াসব মিলিয়ে আর কিছুক্ষন এর মধ্যে একটা মনোরম ভাতঘুম দিয়ে দিতেই পারত সাত্যকি । কিন্তু সে গুড়ে বালি ! পাড়ার পুজোর কালচারাল সেক্রেটারির নাছোড়বান্দা আবদার ...”দাদা, এবারের পুজোর ম্যাগাজিনে একটা লেখা কিন্তু দিতেই হবে !..আর তো দু দিন বাকিখুব ছোট্ট কিছু হলেও চলবে !” লেখালেখি ব্যাপারটা এমনিতে খুব একটা মন্দ লাগে না সাত্যকির । স্কুল এ এক আধবার উতরে দেওয়ার মতো ছোটোখাটো লেখা ও লিখেছে। সেগুলো যে একেবারেই পাতে দেওয়া যায়না তা নয় ..কিন্তু এখন সমস্যাটা অন্য জায়গায় । দিন এ অন্তত আট ঘন্টা ধরে ঘুপচি কেবিন এ বসে ল্যাপটপ এর দিক এ তাকিয়ে ডেডলাইন মিট করতে করতে লেখার ক্ষমতা প্রায় ডেড ! কনটেন্ট ভাবে ভাবেই মাথার চুল ছেঁড়ার জোগাড় হয় ...ভাষা র চাকচিক্য তো দূরস্থান !

এবারেও যথারীতি একই অবস্থা। খাতা কলম নিয়ে ভাবে ভাবে প্রথমেই মাথায় এলো পুজো স্পেশাল প্রেমের গল্প - নাহঃ, বড্ডো বস্তাপচা । তাহলে রাজনীতি ? - যদি জোটে ঠ্যাঙানি ? স্থিলার ? শব্দ সীমায় আটকে রাখা যাবে না ! এসব আকাশ পাতাল হিজিবিজি ভাবে ভাবে কখন যে চোখের পাতা বুজে গেল খেয়ালই নেই ! লেখা গেল চুলোয় ! ঘুম এর মধ্যে আদভূত এক স্বপ্ন দেখল সাত্যকি ! চোখের সামনে ফুটে উঠলো ২১ , রজনী সেন রোড এর সেই বিখ্যাত বাড়িটা...আর তার ড্রইংরুম এর সোফায় বসে গল্পে মশগুল তিন মূর্তি ! জটাষু বেশ একটা যুদ্ধ জয় করা হাসি মুখে নিয়ে বলছে, “আর বলবেন না মশাই, পাড়ার ছেলে ছোকরা গুলো একেবারে ছেকে ধরেছিলো কদিন ধরে ... এবার নাকি ওদের পুজোর ম্যাগাজিন-এর দশ বছর পূর্তি ! তো পাড়ার স্বনামধন্য রহস্য রোমাঞ্চ ঔপন্যাসিক এর থেকে একটা লেখা না পেলো ম্যাগাজিন ছাপার মানেই হয়না । তো আমিও একটা শর্ত রেখেছিলাম বুঝলেন ?”

ফেলুদা জিজ্ঞেস করলো , “শর্ত ? কি রকম ?”

“ওরা প্রথর রুদ্র কে নিয়ে একটা ছোট গল্পো ফাঁদতে বলেছিলো... আমি পরিষ্কার বলে দিয়েছি, নো প্রথর রুদ্র ... গল্পের কনটেন্ট অন্য কিছু হবে , আর সেটা আমি ঠিক করবো!”

“বাহ ...সে তো খুব ই ভালো কথা ...তো গল্প রেডি ?”

“এক্কেবারে ... সেই জন্য ই তো আপনার কাছে একটু ওই ফাইনাল ইয়ে নিতে এলাম মশাই... গল্পের নাম রূপক ...”

“নাম পরে হবে ..আগে প্লটটা কি শুনি ?”

“আরে সে আপনি নিজেই বুঝবেন শুনলে...এই গল্প একটা বিশেষ ক্রাইসিস এর কথা তুলে ধরবে আর তারপর শেষে থাকবে সেই ক্রাইসিস থেকে বেরোনের উপায় “।


“আইডিয়াটা মন্দ নয় তো আগে ক্রাইসিসটা শুনে নি...তারপর না হয় উপায়টা জানব...শুরু করুন দেখি...”

লালমোহন বাবু গলা খাঁকড়ানি দিয়ে শুরু করলো...”এক গ্রামে এক গরিব চাষি খেত খামার করে দিন কাটাতো । তার নিজের বলতে ছিল শুধু তিনটে মহামূল্যবান সন্ধ্যা সবুজ ঘাস ভরা মাঠ, ঘাস এর আগাছা কেটে ছেঁটে পরিষ্কার করার জন্য এক ধারালো কাস্তে, আর একখানি গরু...”

রহস্য রোমাঞ্চ উপন্যাস লেখক এর গল্পের এরকম সাদামাটা একটা প্লট শুনে তোপসে র মুখ তো এক্কেবারে হাঁ ! যদিও ফেলুদা র কোনো হেলদোল নেই । অথবা থাকলেও বাইরে থেকে সেটা বোঝার জো নেই । অন্যদিকে জটাষুও নির্বিকারে বলে চলেছে , “... তিন সন্ধ্যা নিয়ে ভালোই দিন কাটছিলো চাষীভাই এর। অর্থাভাব ছিল, তবে শান্তি ও ছিল । সারাদিন ধরে মাঠে কাজ করে রাতে ঘরে ফিরে দুমুঠো চাল ডাল হাঁড়ি তে চাপাতো । সব ঠিক ই এগোচ্ছিল ।

তারপর একদিন হঠাৎ করেই এক কঠিন ব্যামোয় পড়ল সে । জমি তে লাঙ্গল চালাতে চালাতে প্রাণ হারালো বেচারী ...” একটু থেমে জটাষু জিজ্ঞেস করলো “কিছু বুঝছেন মশাই ?”

“ইমোশন আছে বৈকি ... কিন্তু ক্রাইসিস কোথায় ? গরিব চাষী প্রাণ হারাল - এটাই কি আপনার গল্পের ক্রাইসিস ম্যাটার নাকি ?”



“উহু ... ক্রাইসিস তো এবার আসবে ... চাষী তো চলে গেলো ... কিন্তু থাকল কারা ? কাস্তে , ঘাস আর গরু ! ব্যবহার না হতে হতে সেই কাস্তেতে জং ধরলো...বুড়ো কাস্তে দিয়ে আর ঘাস এর আগাছা কাটা যায়না...ফলে আগের সেই সবুজ ঘাস ভরা মাঠ ধীরে ধীরে হয়ে গেল ছন্নছাড়া জঙ্গল, আর সেই গরুটি আজকাল মালিক এর আদর না পেয়ে হয় ওই আগাছা ভরা মাঠ এ গিয়ে চোটপাট চলায় , আর না হয় লোক এর বাড়িতে ঢুকে অনিষ্ট করে ... এভাবে ক্রমাগত কাস্তে, ঘাস আর গরু তিনজন ই অপয়োজনীয় , অকর্মণ্য আর অনেক ক্ষেত্রেই ক্ষতিকারক হয়ে দাঁড়ালো ধীরে ধীরে ...”

ফেলুদা হাত তুলে জটাযু কে থামালো.. এবার ওকে খানিকটা অধৈর্য দেখাচ্ছে ...”তার মানে আপনি বলছেন যে , ক্রাইসিস তিনটি : এক) কাস্তের ধার নেই...তা অকর্মণ্য , দুই) সবুজ ঘাস এর বদল এ এখন পুরোটাই প্রায় আগাছা , আর তিন) গরু সেই আগাছায় গিয়ে তালুব চলায় ... তাই তো ? ”

“সব ঠিক আছে ... তবে তিন নাশ্বার টায় আপনি আরেকটা পয়েন্ট মিস করছেন ! সবচেয়ে বড় ব্যাপার হলো গরু টি গ্রাম এর সাধারণ মানুষদের অনিষ্ট করছে !!”

“বুঝলাম...কিন্তু এগুলো কি ধরণের ক্রাইসিস মিস্টার জটাযু ? কাস্তে, ঘাস আর গরু ? কালচারাল কমিটি আপনার এই আজগুবি গল্প নেবে কি ? আপনি বরং প্রথর রুদ্র তেই ফিরে যান ”

জটাযু র চোখ গোল ! “কি বলছেন মশাই ? আপনি সত্যিই কিছু বুঝলেন না ? আমি হতাশ হলুম ফেলুবাবু !”

“বোঝার বাকি আছে কি কিছু ? জং ধরা কাস্তে, ঘাস এর বদলে আগাছা, আর দুষ্ট গরু - এগুলো ক্রাইসিস ?”

“আলবাত ক্রাইসিস মশাই ! তলিয়ে ভাবুন দেখি ... সারা বাংলা এই ক্রাইসিস এর রীতিমতো ভিক্টিম !”

ফেলুদার মাথা টা হঠাৎ পাই করে ঘুরে গেল !! এখন সব জল এর মতো পরিষ্কার ওর কাছে “আরিব্বাস ... আপনি তো রাজ্যের বর্তমান.....”

ব্যাস ... জটাযু র গল্পের বাকি টা আর শোনা হলো না সত্যিকি র ...মা এর ডাক এ ঘুম টা ভাঙলো...ভাগ্যিস মা ডেকেছিল ! ...কড়াইশুঁটির কচুরি গুলো তাড়াতাড়ি খেয়ে তৈরী হয়ে প্যান্ডেল এ যেতে হবে , বন্ধুদের সাথে দেখা করতে ! আফসোস একটাই ..ক্রাইসিস থেকে বেরোনোর উপায় টা কি ছিল সেটা জানা গেল না !

সম্মাট রায়





Milestones Pediatrics

With you at every step!

Dr. Priyanka Vyas

WE ACCEPT MOST INSURANCES!

(352) 559-8911

MILESTONESPEDSCLINIC.COM

3780 NW 83rd Street, Gainesville, Florida 32606
(Located in the Springhill Professional Center)




Find us on social media!  Milestones Pediatrics  MilestonesPedClinic

ছয় ঋতু



গ্রীষ্মকালে জল খাই
প্রাণ করে আই চাই
গায়ে ছোটে কাল ঘাম
তবু খাই পাকা আম
বরষা কালে রাত দিন
বৃষ্টি পড়ে রিমঝিম
কেয়া মজা কেয়া মজা
খিচুড়ি আর ইলিশ ভাজা
শরৎ কালে সোনার আলো
দুগ্ধা ঠাকুর বাসেন ভালো
আমরা সবাই পুজোর দিনে
আনি নতুন জামা কিনে
হেমন্তেরই হিমেল হাওয়ায়
প্রদীপ জ্বালি বাঁশের আগায়
শীতের চোটে গুটি গুটি
খাচ্ছি কপি কড়াই গুটি
নতুন গুড়ের পায়েস খাই
আনন্দেরই সীমা নাই
কুহু কুহু কোকিল ডেকে
জাগিয়ে দিল বসন্তকে
মৌমাছির ফুলে ফুলে
মধু খায় দুলে দুলে।



রিমঝিম





শারদোৎসবের শুভেচ্ছাসহ....

তনুকা,

কৃষা,

অনামিকা,

স্বরূপ





যেদিন তুমি ছেড়েছ পথ
 “জন্মদি তোমার কিত্তে”

যেদিন তুমি ছেড়েছ পথ
 কৈ মেঘনা দুখুয়ে...
 মেঘনা আকাশ তোমার মতই
 কাঁদতে ছেড়েছিল,
 বৃষ্টি তোমার দোষের জন্য
 হতো লুকিয়ে ছিল...



যেদিন থেকেই অনেক হুঁচু
 আবার কৌটো যদি
 কথা জ্বাৰ যত্নে আছে
 প্রেম তের প্রতিশ্রুতি..


দিবদাজ গাই ধুকেছে
 অপেক্ষাতেই রাই
 'সজয়' নাহোক তোমার
 আঁখি
 কেটে যাও বিস্ময়ে..

যেদিন থেকে ছেড়েছ পথ
 যেদিন থেকেই প্রাণ,
 আঁখি মত নাই বা থাকি
 কিই বা জানে-যাণ...
 যেদিন থেকে ছেড়েছ পথ
 দুঃখ অপায়,
 হাজার জনের মাঝে
 হোকন,
 জানোয়ার জা...
 ছবি: সুকন্যা সাহা
 কবিতা: জন্মি চক্রবর্তী

যেদিন থেকে ছেড়েছ পথ
 দুঃখ অপায়,
 হাজার জনের মাঝে
 হোকন,
 জানোয়ার জা...


ছবি: সুকন্যা সাহা
 কবিতা: জন্মি চক্রবর্তী





Aahana Singh Chauhan

গেন্সভিল ডায়রিজ: কাশফুল



পুজো মানেই কাশফুল। সেই কবে মানিকবাবু দেখিয়ে গিয়েছিলেন অপু-দুর্গা ট্রেনলাইনের পাশে কাশফুল দেখেছিল, তারপর থেকে বাঙালি কাশফুলের প্রতি এক অপত্য স্নেহ বয়ে চলেছে।

আমি ছোটবেলায় খুব একটা কাশফুল দেখিনি। জানতামও না এরকম একটি ফুল হয়। তারাবাগে কাশফুল হত না। হয়ত পাশের ফার্মটায় হত, কিন্তু সেখানে আমার যাওয়া বারণ ছিল, তাই দেখিনি।

ক্লাস ফোর-এ পড়তে স্কুল থেকে দেখানো হল "পথের পাঁচালী"। সেখানে প্রথম কাশফুল দেখলাম। মানে সেভাবে লক্ষ্য করিনি সত্যি কথা বলতে। লক্ষ্য করলাম যখন পরের সপ্তাহে ড্রয়িং ম্যাডাম এসে বললেন সবাইকে ঐ দৃশ্যটির ছবি বাড়ি থেকে ঐঁকে আনতে। হোম-ওয়ার্ক। বাড়ি ফিরে বাবাকে বলতে বাবা পুরোনো আনন্দমেলা খুলে ছবিটি বার করলেন। সেই প্রথম ঠিক ভাবে কাশফুল দেখা।

তার পরের বছর পুজোয় কলকাতা যাই। মামারবাড়ি। ট্রেনে করে যেতে যেতে রেল লাইনের ধারে কাশফুল দেখলাম এবার। মনে হল - বাহ, অপূর মত আমিও তাহলে রেললাইনের ধারেই প্রথম কাশফুল দেখলাম।

বহুবছর পরের কথা। ২০০৭। আমি তখন সবে গেন্সভিলে গিয়েছি। গেন্সভিলে পুজো হবে কিনা ভাবতে ভাবতে শুনি, হবে। না, এটি গেন্সভিলের পুজোর গল্প না, সেই গল্প পড়ে বলব। যাই হোক, পুজোর কদিন আগে ইঙ্কনে খেতে গেছি দুপুরে। অতনুদার সঙ্গে দেখা। খেতে খেতে অতনুদা বলল,

"আমাদের ডিপার্টমেন্টের পাশে কিছু কাশফুল হয়েছে।"

বেশ অবাক হলাম। কাশফুল যে দেশের বাইরে হয়, তাই ধারণা ছিল না। খাওয়ার পর ছুটলাম সয়েল সায়েন্স ডিপার্টমেন্টের দিকে। অতনুদা ভুল বলেনি। দেখলাম ডিপার্টমেন্টের পাশেই এক দঙ্গল কাশফুল হাওয়ায় দুলছে। খানিকক্ষণ তাকিয়ে থেকে যেন মনে হল সত্যি এবার পুজো শুরু হবে। ঢাকিরা যেন ঢাক তুলছে বাদ্যি শুরু করার জন্য। পাড়ায় বাঁশ পড়ছে প্যাভেল তৈরীর জন্য। আসলে জানেন তো, মানুষ বাড়ির বাইরে বেরোলে বাড়িকে সবচেয়ে মিস করে। সবাই করে। প্রথম এক বছর এটা ভীষণ কষ্ট দেয়। তারপর আস্তে আস্তে মানিয়ে নেওয়ার সময়টা আসে। অনেকেই মানিয়ে নেয়, ভাবে "বাড়ি হলে ভালো হত, কিন্তু এটাই বা কম কি?"

কেউ কেউ পারে না, তারা হয়ত বাড়ি ফিরে যায়। সবচেয়ে কষ্ট হচ্ছে যারা মানিয়ে নিতে পারে না, অথচ পরিস্থিতির চাপে ফিরতেও পারে না।

আমি তখন সবে দু'মাস হল বাড়ি ছেড়েছি, কাজেই মন খারাপটা তুঙ্গে। কাশফুল দেখে ওর'ম আকাশপাতাল ভাবছি। হঠাৎ পাশে এক গলা,

"Excuse me, can you tell me the way to Marston Science Library?"

ঢাকিরা বাদ্যি নামিয়ে রাখল, মুহূর্তটা নষ্ট হয়ে গেল।

২০১২ তে আমি গেন্সভিল ছাড়ি। ২০১১-র পুজোটা আমার গেন্সভিলে শেষ পুজো। ভেবেছিলাম খেয়াল রাখব সয়েল সায়েন্স ডিপার্টমেন্টের কাছে কাশফুল হয়েছে কিনা। নাহ, তালেগোলে ভুলেই গিয়েছিলাম। আর আমার কাশফুল দেখা হয়নি।

জানি না আর কোনদিন গেন্সভিল যেতে পারব কিনা, গেলেও সেখানে কাশফুল দেখব কিনা। হয়ত কাশফুল থাকবে, আমার পর নতুন কোন সদ্য বাড়ি ছাড়া বাঙালি ছাত্রের আবার সেই কাশফুল দেখে বাড়ির কথা মনে পড়বে।


কনাদ বসু



আগত শরৎ অগোচর প্রতিবেশে,
হানে মৃদঙ্গ বাতাসে প্রতিধ্বনি।
মূক প্রতীক্ষা সমাপ্ত অবশেষে,
মাঠে ঘাটে বাটে আরন্ধ আগমনী।

শারদীয় সকলের জন্য শুভেচ্ছা রইল।

দোলা ঘোষ
মলয় ঘোষ



Rani Batist

Age 15

গ্রেটা, মেহভাজনেষু

একটু থামো গ্রেটা
এক পলক তাকাও পেছনে
দেখো কাতারে কাতারে কত মানুষ
আজ তোমার অনুগামী
তোমার নবীন মনের স্পর্ধিত প্রতিবাদে সামিল
দূষণ-হীন নৌ-জানে একা অতলান্তিক পাড়ি
এক পক্ষ কাল এর দুঃসাহস
সে মহত্ব শুধু তোমার ই -
তবু তার ছোঁয়ায়
আগুন লেগেছে আমাদের বোধে
জেগে উঠেছে প্রতিবাদের ভাষা
অবশেষে ।।

একটু থামো গ্রেটা
প্রাণ ভোরে কাঁদো একবার
চোখের জল এর আগল দাও খুলে
এই অবোধ সমাজ এর প্রতি
তোমার অশেষ অভিমান
এই উদাসীন শাসকের অবহেলায়
তোমার যতেক যন্ত্রনা
সব লীন করে দাও সেই কানায়
আর সেই আকোমোল কান্নার ধারা
নির্মম আঘাত হানুক
আমাদের অবরুদ্ধ চেতনার দ্বারে
প্রতিদিন এর তুচ্ছতায় ।।

একটু থামো গ্রেটা
বুক ভোরে শ্বাস নাও এই বাতাস
ছুঁয়ে দেখো এই মাটি, এই ঘাসের সবুজ
কান পাতো পাখির মেদুর ডাকে
পান করো স্বচ্ছতোয়া নদীর স্বাদু জল
দেখো তোমার প্রতিবাদ এর পরশপাথর
কেমন প্রাণ চলেছে দশ দিকে
মুক্ত করেছে আমাদের বাসভূমি
আকাশ বাতাস মাটি
আমাদের অসংঘমের বাঁধন থেকে
“এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাবো আমি”
সার্থক হয়েছে তোমার সেই অঙ্গীকার ।।

স্বরূপ ভূঁইয়া



স্বাগতম

Gainesville এ সদ্য আসা নবীন-নবীনাদের জানাই সুস্বাগতম দেশের থেকে বহুদূরে চলে আসলেও তোমাদেরকে আপন করে নেবে এই Gainesville এটাই Gainesville magic!

University of Florida campus এর উত্তর দিয়ে হাটতে হাটতে একদিন দেখবে তুমি অনেকটা পথ পেড়িয়ে এসেছ




ওই Turlington Square এর সামনে অজস্র ছাত্র-ছাত্রীদের জমায়েতে তুমি নিজেকে বারবার খুঁজে পাবে

Plaza of America তে Krishna Lunch খাওয়ার সময় হঠাত্ত করে একদিন উপলব্ধি করবে যে তুমি বসে আছ সারা পৃথিবীর বিভিন্ন দেশের থেকে আসা মানুষের মাঝখানে এইভাবেই তুমি আস্তে আস্তে আন্তর্জাতিক হয়ে উঠবে

কিন্তু তোমার শিকড়টা মাঝে-মাঝে খুঁজে নিতে ভুলো না যেন !

যে সময়টা আমি কাটিয়ে এসেছি Gainesville এ
যেই দৌরাঙ্গা আমি করেছি UF campus এ
যেভাবে বন্ধুত্বের হাত বাড়িয়ে দিয়েছিলাম অচেনা মুখগুলোর দিকে
Lake Allice এর সামনে ওই একলা বেঞ্চটিতে যেভাবে ঘুমিয়ে পড়েছিলাম এক শীতের ছপ্পরে
আমার apartment এর বারান্দায় কাঠবেড়ালিরা যখন খেলাচ্ছিলে আমাকে ডাকত
Gainesville এর চেনা পথ-ঘাট, গাছ-পালা, ওই NTS বাসগুলো
যখন আমাকে জিজ্ঞেস করত কেমন আছ ?
আমি কিন্তু তাদের সবাইকে চিত্তকার করে তোমাদের নামগুলো বলে গেছিলাম
বলে গেছিলাম ওই নিঃসঙ্গ বেঞ্চটিকে, ওই ছস্তু কাঠবেড়ালিগুলোকে
যে একদিন তোমরা ঠিক এখানে আসবে
আমার হেলে যাওয়া সময়কে খুঁজে নিতে...

**আন্তরিক অভিনন্দন সহ
গেইনসভিলের বাঙালি সমিতি**



Shibasish Dasgupta

শারদ শুভেচ্ছা সহ

রিমঝিম, কার্নোস, রাণী, উৎসব,
পারণিকা, উর্বশী, পাহেলী



My Favorite Things to do in Gainesville, Fl

I was born in Central India and grew up in Kolkata – the heart of Bengali food and culture. I do miss the vibe of the ‘City of Joy’ but for almost the past decade I have called this little town of Gainesville, FL, my home. No matter where I go I always want to come back here (even though I never thought that I was a small town person).


The best thing that I like about Gainesville is ‘variety’ – the people here belong to all different parts and cultures of the world. Most of them may be associated with the University like students and professors, and are very friendly and educated. You can never be bored in Gainesville as there is always some free event going on in town.

It’s hard to come up with a list of things that I like to do because they are just so many. May be I can share a couple of things that I would like everybody to try and let me know how you like it –

- 1) Sunset over Lake Alice – I just love sitting down on the grass by the lake, stretch my legs out and watch the sunset. It makes me feel very calm and relaxed so that I can prepare for the forth coming challenges in my life.
- 2) Walk through Loblolly Woods Nature Park- Take a walk on the boardwalk and also not be scared to cross the stream and explore the little trail on the other side. There is also a hidden decked area that my roommate told me is a great kissing location (Karen is funny). The trail is well shaded and never gets too hot.
- 3) Uppercrust Bakery- Buy yourself a dessert or two and if not then just stare at them- it can be very satisfying. For those who have kids they do have baking classes for children.
- 4) Sweet Dreams Ice cream shop – Who does not love ice cream? They have unique ice cream flavors and they are quite light on calorific value as well as price per pint.
- 5) Harn Museum of Art- Is a wonderful place to visit as an art museum as well have they have many events involving the community and the kids. If you have kids who love art, music and/or dancing definitely look into the different events at the Harn.
- 6) Free music concerts at Bo Diddley Plaza- Almost every Friday the city sponsors a free music concert in the downtown plaza. I have enjoyed going to several of them and my favorite being the Brazilian- African music concert. Oh the “drumbeats” are so peppy.
- 7) Holiday Lights at North Florida Regional Medical Center- I love putting on my jacket and walking around through my neighborhood at night. The holiday lights look so pretty and I enjoy watching them with childlike wonder. The hospital puts up beautiful lighting by the pond. Whether you are a kid or a grown up you will love the ducks and the lights. So, these were some of my favorite things about our little town Gainesville, FL. Let me know about what you like best about our hometown. I will wait for your answers.

Sharodiyar Antorik Preeti o Subhechha!

Piyasa Ghosh



চাঁপা রহমান "সুখের সংজ্ঞা"

সুখের সংজ্ঞা দিতে লাগে আমার ভয় !
সুখের সংজ্ঞা কি আর এ জগতে হয় ?
সুখ বলে পৃথিবীতে কোন কিছু নেই ।
যখন যে অবস্থায় থাকবেন সন্তুষ্ট থাকবেন,
এ পৃথিবীতে সুখের সংজ্ঞা হলো এই ।

সুখের প্রশ্নে কবি থাকেন নিরুত্তর,
সুখের সংজ্ঞা দেবার নেই সদুত্তর ।
সুখ নেই, সুখ নেই, সুখ গেলো কই ?
সুখ নিয়ে এ জগতে দারুণ হৈ চৈ !

অনেক রাজা মহারাজাও হন না সুখী ।
নানা লোভ লালসা করে তাদের দুঃখী ।
কি ভাবে কার রাজ্য গ্রাস করা যায়,
এ কু-মতলব তাদের মনে ঘুরে সর্বদাই ।
অগণিত ধন দৌলত পড়ে থাকে রাজকোষে,
অথচ সারা দুনিয়া কাঁপে তাদের ত্রাসে ।

ধনী লোকদের আছে কাঁড়ি কাঁড়ি টাকা,
কিন্তু তাদের সুখের জায়গাটাই ফাঁকা ।
সুখ নেই, সুখ নেই, কোথায় গেলো সুখ ?
সুখের জায়গাটাতে ভয়ানক দুঃখ ।

আবার অনেক গরিব মানুষও অনেক সুখী ।
যা আছে তাতে সন্তুষ্ট তারা নয়তো অসুখী ।
এ ব্যাপারে দারুণ কথা বলেছে ইসলাম,


যেভাবে থাক সন্তুষ্ট থাক এটাই সুখের নাম ।
কয় জন মুসলমান এসব অনুসরণ করে ?
অন্যের সুখ দেখে তারা অনেকে হিংসায় মরে ।

হা হুতাশ করতো কোন লাভ নেই,
তাতে অসুখ কমবে না বরং বাড়বেই ।
এ দুনিয়াতে সন্তুষ্ট হতে পারার নামই সুখ ।
এ মুহূর্তে ভুলে যান সব অপ্ৰাপ্তি সব দুঃখ ।


সুখের সংজ্ঞা দেবার আমার এই প্রচেষ্টা,
আশা করি আপনাদের ভালো লেগেছে ! মিটেছে তেষ্ঠা !
এই ভাবে ঘরে ঘরে আপনারা সুখী হোন ভাই ।
জানবেন এ ছাড়া দুনিয়ায় সুখ বলে কিছু নাই ।



দিল আফরোজ কাজী রহমান চাঁপা



দৈনন্দিন জীবনে রবীন্দ্রনাথ ঠাকুর



রবীন্দ্রনাথ ঠাকুর বাঙ্গালীদের দৈনন্দিন জীবনে অতপ্রত ভাবে জড়িত। এই জন্যেই ভারত ছেড়ে বিদেশে আশার সময়ে বেশিরভাগ বাঙালীদের ব্যাগে গীতবিতান জায়গা করে নিত। সৌভাগ্যক্রমে আজকালকার ইন্টারনেটের যুগে শুধু গীতবিতানের সব গান এ নয়, রবীন্দ্ররচনাবলী বিনামূল্যে বিভিন্ন ওয়েবসাইটে পাওয়া যায়, তাই আজকাল দেশ থেকে আশার সময়ে গীতবিতানের বদলে, একটা গীতবিতানের ওজনের রান্নার মশলা বা মিষ্টি আনা যায়। রবীন্দ্রনাথের গান অনেক বছর আগে লেখা হলেও কিছু কিছু পংতি দেশে বিদেশে বিভিন্ন মুহূর্তে অদ্ভুতভাবে meaningful হয়ে যায়। এই লেখাতে সেরকম কিছু মুহূর্তই visit করার চেষ্টা করছি।

এরকম একটা গল্প শুনেছিলাম, একটা সিনিয়ার দাদা খুব কম ক্লাসে যেত। একদিন সেই দাদাকে ক্লাসে উপস্থিত থাকতে দেখে একজন স্যার বলেছিলেন, 'রবীন্দ্রনাথ বোধহয় এরকম ছাত্রদের জন্যেই লিখেছিলেন 'মাঝে মাঝে তব দেখা পাই, চিরদিন কেন পাই না।'। এর উত্তরে সেই সিনিয়ার দাদাটি বলেছিল, 'যাদের রোজ দেখা যায় না তাদের পক্ষে রবীন্দ্রনাথ এটাও লিখেছেন, 'তবু মনে রেখ'। সেমেষ্টারের বাকি ক্লাসে সেই সিনিয়ার এর দেখা পাওয়া গেছিল কিনা জানিনা, তবে এই গল্পটা ঘটনাটা অনেকের অনেকদিনই মনে থাকবে।

বিদেশের বেশিরভাগ ডিপার্টমেন্টে গবেষণা ল্যাবনির্ভর। এইসব ডিপার্টমেন্টের স্টুডেন্টদের রোজ সময় মেনে হাজিরা দিতে হয়। স্ট্যাটিস্টিক্স ডিপার্টমেন্টে ল্যাব বলে সেভাবে কিছু নেই। Theoretical statistician দের ল্যাব একটা কাগজ কলম, আর আমার মত computational statistician দের makeshift ল্যাব পিঠের ব্যাগে থাকা ল্যাপটপ। তাই ডিপার্টমেন্টে বসে যা কাজ করা যায়, বাড়িতেও এক এ কাজ করা যায়। অনেক সময়ে রাত জেগে সিনেমা দেখার পরে সকালে দেরি করে উঠে ঘরের বাইরের রোদ্দুর দেখে মনে পরে, 'তুমি এত আলো জ্বালিয়েছ এই গগনে...'। যখন বুঝি কোনো কারণে অ্যালার্ম বাজেনি, তখন মনে হয় মোবাইলের অ্যালার্মকে বলি, 'কেন জামিনী না জেতে জাগালে না, বেলা হল মরি লাজে।' খুব দেরি হয়ে, ডিপার্টমেন্টে যেতে খারাপ লাগে, মনে হয়, 'আমি এ আকুল কবরী আবারি কেমনে যাইব কাজে।' তাই বাড়িতে বসে কাজ করাই ভাল।


স্কুলে থাকার সময়ে শিখেছিলাম, 'বিপদে মোরে রক্ষা করো এনহে মোর প্রার্থনা...'; কিন্তু মাধ্যমিক পরীক্ষায় চেনা প্রশ্ন না পেয়ে সেই গান বদলে হয়ে যায়, 'বিপদে মোরে রক্ষা করো হেন হে মোর প্রার্থনা...'। মাধ্যমিক পরীক্ষা শেষ দেওয়ার পরে অনেকে মনে করে, 'ফুরোলো ফুরোলো এই পরীক্ষার এই পালা, পার হয়েছি আমি অগ্নিদহণ জ্বালা'। কিন্তু অনেকেই বিদেশে PhD করতে আশার পরে অনেকেই realize করে বয়সটা বেড়ে গেছে, পরীক্ষাগুলো একটু অন্যরকম। একটা পেপার যখন বিভিন্ন জার্নালে rejection আর রিভিশনের মধ্যে ঘুরে বেরায়, তখন মনে হয়, পেপারটা নিজে থেকেই গাইছে, 'মোরে বারে বারে ফিরালে...'।


Collaborative গবেষণার সময়ে অনেকরকম গবেষকের সাথে কাজ করার সুযোগ হয়। অনেকেই একটু ধীরেসুস্থে কাজ করতে পছন্দ করে। আবার কেউ কেউ উৎসাহ নিয়ে একাই সব কাজ শেষ করার চেষ্টা করে, তাদের কাছে 'যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চল রে' গানটাই মূলমন্ত্র।

বিদেশে পড়াশুনো করতে এলেও ঘুরতে যেতে সবারই ইচ্ছে থাকে, কিন্তু বিভিন্ন কারণে ঘুরতে যাওয়া হয়ে ওঠেনা। যারা ঘোরার বেশি সুযোগ পায় না, তাদের মনে বাজে, 'মন মোর মেঘের সঙ্গী'।

শুধু রবীন্দ্রনাথই এ নয়, আরো অনেক কবির কবিতা আমাদের জীবনের বিভিন্ন সময়ে তাৎপর্যপূর্ণ হয়। কয়েক বছর আগে বিজয়া সন্মেলনীতে মেঘবালিকা আবৃত্তি করছিল একজন, একটা লাইন ছিল 'এক পৃথিবী লিখব ভেবে একটি খাতাও শেষ করিনি।' সেটা আমার PhD-র শেষ বছর, thesis লেখার কথা, দেখলাম জয় গোস্বামী প্রায় আমার মনের কথাই বলেছেন, 'একটা থিসিস লিখব ভেবে একটি পাতাও শেষ করিনি'।


কুমারেশ ধারা






Jathiswara

SCHOOL OF DANCE AND MUSIC
est. 1987



Guru: Mathura Alladi

Bharathanatyam Dance and Carnatic Music
Individual or Group Lessons
More than 30 years of Teaching Experience
Class Locations: Gainesville, Jacksonville, & Orlando



www.Jathiswara.com
(352) 514-2462 Mathura.Alladi@jathiswara.com

Wishing a Happy Durga Puja



from the Bhattacharya and Singh family



Durga Puja Cultural Program 2019



1. Folk and retro Bengali songs (Ganeshvilla Talkaata Surkaana Cultural Club) - Jhonty Chakraborty, Srijata Samanta, Samrat Roy, Purboja Purkayastha, Shubhra Deb Paul, Sreeja Chowdhury, Kumaresh Dhara, Shubhradeep Bhar, Rita Dasmahapatra and Aritra
2. Recitation (Sabandani by Shubho Dasgupta) - Swagata Mondal
3. Group Dance (Krishna Vandana) - Aapti, Gaurangi, Saanvi, Saahnvi, Aadhya, Karunaya, Prisha
4. Instrumental(keyboard) - Rita Das Mahapatra
5. Recitation (Adbhut Andhaar by Jibanananda Das) - Aritra
6. Dance (Maiyya Yashoda) - Saanvi
7. Srutinatok (Paaka Dekha by Swapan Ganguly) - Pratik Pal and Rita Das Mahapatra
8. Piano (River flows in you!) - Prithika Bose
9. Group Dance (Megher Kole Rod Heseche) - Aapti, Rianshi, Tanuka
10. Piano (Fusion) - Upal Bose
11. Chitrangada- Rani Batist, Amrutha Agarwal, Keira D' Costa, Aagneya Singh Banerjee, Alyssa D' Costa, Saanvi Lalwani, Anushka Vyas, Raha Babar, Purni Hasitha Tumati, Sukhman Sidhu, Prithika Bose, Sanskriti Bhosale, Ariana Rashid, Tvisha Joshi, Temima Nuzhat, Irma Rahman, Ahnaf Rashid, Eshan Kamal, Raanan Akond
12. Dance medley (Sure Nritye Shakti Bandana) - Madhurima and Piyasa

Chitrangada: The Warrior Princess

'Chitrangada', a dance drama, originally composed by Nobel laureate Rabindranath Tagore in 1892, is based on the love life of Manipur's princess Chitrangada and Arjun, the third Pandava of the epic Mahabharata, and it documents the emotional journey of Chitrangada as she is awakened by her irresistible passion for the love of her life, Arjun. According to Mahabharata, Arjun, the brave warrior travelled the length and breadth of India during his term of exile. It was during his wanderings that he met Chitrangada, the daughter of the king of Manipur and eventually married her.

Rabindranath Tagore took the basic story of Chitrangada from the epic and adapted it in his drama, expanding the narrative with his deep sensitivity in the characterization of princess Chitrangada, where the feminine subjectivity comes out through his characteristic lyrical style. The King of Manipur was bestowed with a boon by Lord Shiva that only sons would be born in his family. So when Chitrangada was born, the King brought her up as his son training her in warfare, archery, economics, and politics – well-equipped to take over the responsibilities of the King. The play unfolds at a time when Arjun on his 12-year vow of celibacy comes wandering to Manipur and meets Chitrangada, dressed as a man, on a hunting spree with her friends. Considering them to be young boys, Arjun makes fun of their abilities. This enrages Chitrangada and she invites him for a fight but Arjun ignores her. This disturbs Chitrangada as she discovers the woman in her and falls in love with Arjun, only to be refused. The Princess' pride is shattered. She approaches Madan (the God of Love) to transform her into a beautiful woman (Surupa) in order to entice Arjun. Through her transformation from the warrior princess to the diva with charming, feminine attributes, Tagore carves her as the timeless, complete woman who personifies love, and sensuousness. Awestruck by the beauty of (transformed) Chitrangada, Arjun falls for her. When marauders attack Manipur, the villagers look up to Chitrangada to protect them and save their lives and properties. Arjun, while talking to the villagers is astonished by the description of her bravery, courage, and fighting skills and wishes to meet the warrior Princess only to discover the real Chitrangada. He wishes to marry her but Chitrangada alerts him that she is neither a Devi (goddess) nor an ordinary woman. As a wife, she wants to be an equal partner to her man, not otherwise. Tagore's concerns over woman's identity and her position in society constitutes the essence of this play.



Cast:

Kurupa Chitrangada – Rani Batist

Surupa Chitrangada – Amrutha Agarwal

Arjun – Keira D' Costa

Madan – Aagneya Singh Banerjee

Friends – Prithika Bose, Sanskriti Bhosale, Sukhman Sidhu, Purni Hasitha Tumati, Ariana Rashid, Temima Nuzhat, Irma Rahman, Alyssa D' Costa, Saanvi Lalwani, Anushka Vyas, Najli Babar, Tvisha Joshi

Villagers – Ahnaf Rashid, Eshan Kamal, Raanan Akond

Choreography:

Rimjhim Banerjee-Batist



gainesville
bengali association

www.gnbnb.com • FB:gnvbeng • @newgnbnb

presents



Indrani Mukherjee
(Folk singer)

Soumitro Mukherjee
(Harmonica)

মাটির টানে মাটির গানে

'Bengali Folk and Sufi'

Accompanists:

Upal Bose

Samrat Roy

Shashank Mayakar



4-6pm, October 6, 2019

Freedom Community center
Kanapaha Veterans Memorial Park
7400 SW 41 Pl
Gainesville, FL 32608

